এপ্রিল-জুন ২০১৭

# বিজেএমসি বুলেটিন

IPU ASSEMBLY FAIR 2017 DHAKA



মাননীয় প্রধানমন্ত্রী আইপিইউ সম্মেলনের উদ্বোধন করেন



জাতীয় সংসদের মাননীয় স্পিকার ও আইপিইউ মেলার সভাপতি জনাব শিরিন শারমিন কর্তৃক বিজেএমসি ষ্টল পরিদর্শন।

## ৫ (পাঁচ) দিন ব্যাপী আইপিইউ মেলায় অংশগ্রহণঃ

সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সাম্য প্রতিষ্ঠা এবং বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার অঙ্গীকারের মধ্য দিয়ে ১-৫ এপ্রিল ২০১৭ ঢাকায় অনুষ্ঠিত হয়েছে পাঁচ দিন ব্যাপী ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) ১৩৬তম সম্মেলন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ধ্যায় বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় পাঁচ দিনব্যাপী এ সম্মেলন উদ্বোধন করেন। ১৯৭২ সালে আন্তর্জাতিক এ ফোরামে অন্তর্ভুক্ত হওয়ার পর এই প্রথমবারের মতো বিশ্বের আইনপ্রণেতাদের দীর্ঘদিনের পুরোনো এ সংগঠনের সম্মেলনের স্বাগতিক দেশ হয়েছে বাংলাদেশ। এই সম্মেলনের প্রতিপাদ্য বিষয় ছিল 'অসাম্যের প্রতিকার' সবার জন্য সম্মান ও কল্যাণ। বিশ্বের ১৩১টি দেশের ৬৫০ জন সংসদ সদস্য, ৫৩ জন স্পিকার ও ডেপুটি স্পিকার, ২০৯ জন নারী পার্লামেন্টারিয়ানসহ ১,৩৪৮ জন প্রতিনিধি এ বৃহৎ সম্মেলনে অংশ নিয়েছেন।

সম্মেলনে অংশগ্রহণকারী ডেলিগেট ও অতিথিদের সামনে বাংলাদেশের ঐতিহ্য, আর্থ-সামাজিক উন্নয়ন ও গুরুত্বপূর্ণ রপ্তানী পণ্য তুলে ধরার লক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পাশে ঢাকা ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার মাঠে সম্মেলন চলাকালীন এক মেলার আয়োজন করা হয়।

বাংলাদেশ পাটকল করপোরেশন এবং বাংলাদেশ জুট ডাইভার্সিফিকেশন প্রমোশন সেন্টার নিজ নিজ দুটি স্টলে পাটজাত পণ্যের প্রদর্শন করে।

মেলায় বিজেএমসি'র উৎপাদিত প্রচলিত এবং বহুমুখী পাটজাত পণ্য ছাড়াও পাট থেকে তৈরি কিছু নতুন পণ্য প্রদর্শন করা হয়। মেলা পরিদর্শনকারী ডেলিগেটস ও অতিথিবৃন্দ পাট থেকে উৎপাদিত এই বিশেষ পণ্যগুলো দেখে অত্যন্ত আগ্রহ প্রকাশ করেন। তারা পণ্য ক্রয়ের বিষয়েও আগ্রহ প্রকাশ করেন এবং প্রত্যেকটি পণ্যের দ্রুত বাজারজাত করণের প্রতি তারা জোর দিতে বলেন।





বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব সাবের হোসেন চৌধুরী, এমপি এঁর বিজেএমসি ষ্টল পরিদর্শন



স্টল পরিদর্শনকালে মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে চেয়ারম্যান বিজেএমসি ও উর্ধতন কর্মকর্তাবৃন্দ।

## ৬ই মার্চ জাতীয় পাট দিবস উদযাপন ও ৩ দিন ব্যাপী বহুমুখী পাটপণ্য মেলার সাফল্য আলোচনা ও পরবর্তী কর্মপরিকল্পনা প্রণয়ন সভা




প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করছেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামাণিক, এমপি



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চেয়ারম্যান, বিজেএমসি

৬ই মার্চ ২০১৭ জাতীয় পাট দিবস উদযাপন ও ৩ দিন ব্যাপী বহুমুখী পাটপণ্য মেলার সাফল্য আলোচনা ও পরবর্তী কর্মপরিকল্পনা প্রণয়ন সভা রাজধানীর বেইলী রোডে অবস্থিত অফিসার্স ক্লাবে গত ৩ই মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিজেএমসি, বিজেসি, তাঁত বোর্ড, বিজেএ ও অন্যান্য সংস্থার সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দসহ প্রায় হাজার খানেক অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। প্রথমবারের মত জাতীয় পাট দিবস সফল করায় এ সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামাণিক এম.পি এবং বিশেষ অতিথি ছিলেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এম.পি। সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বিজেএমসির ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মানিত সচিব।

**প্রধান পৃষ্টপোষক**

**ড. মোঃ মাহমুদুল হাসান**
চেয়ারম্যান, বিজেএমসি

**সম্পাদনা পর্ষদ**

আরজিনা জান্নাত
ব্যবস্থাপক (প্রশিক্ষণ)

সীমা দাস
ব্যবস্থাপক (জনসংযোগ)

সাদিয়া সুলতানা
সহ-ব্যবস্থাপক (হিসাব)

মোহাম্মদ শাহজাহান
উচ্চমান সহকারী
(প্রকল্প হিসাব)

**মুদ্রণ:**

মাষ্টার প্রিন্টার্স
৩৯, রূপলাল দাস লেন,শ্যাম বাজার, ঢাকা।

**বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি)**
আদমজী কোর্ট (এনেক্স-১), মতিঝিল, ঢাকা-১০০০।
ফ্যাক্স: (+৮৮০-২) ৯৫৬৭৫০৮, ৯৫৬৮৭৪০
ই-মেইল-bjmc.bd@gmail.com
ওয়েবসাইট:www,bjmc.gov.bd

## সম্পাদকীয়

সময় ও স্রোত কারো জন্য অপেক্ষা করে না, দ্রুত চলে যায়- কিছুতেই আর বেঁধে রাখা যায় না। সময়ের সাথে বদলে যায় কাল- বর্তমান হয়ে যায় অতীত। ফেলে আসা সে সময়ে থাকে কিছু আনন্দ, কিছু বেদনা, কিছু ভাঙা আবার কিছুবা গড়ার খেলা। যা হয়ে যায় হাজারো স্মৃতির মেলা। এ স্মৃতিকে সাথে নিয়েই এগিয়ে যাব আগামীর পথে - নতুন সময়ের অপেক্ষায়। সে স্মৃতিকে মনের দর্পন হতে কাগজের পাতায় বেঁধে রাখার এ প্রয়াস।এ উদ্যোগের সফল বাস্তবায়ন বিজেএমসি বুলেটিন এপ্রিল-জুন ২০১৭ সংখ্যা। বুলেটিনে বিজেএমসি এবং এর নিয়ন্ত্রণাধীন মিলসমূহের ঘটনাবলী যেমন- নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ (অভ্যন্তরীণ এবং বৈদেশিক), বিভিন্ন অনুষ্ঠানাদির তথ্য পরিবেশন করা হয়। এ বুলেটিনে বিজেএমসির চলমান সকল কর্মকান্ডের প্রতিচ্ছবি প্রতিফলিত হয়েছে। এ ক্ষেত্রে বিজেএমসি এবং মিলসমূহের সৃষ্টিশীল কর্মকান্ডের প্রদত্ত তথ্য বুলেটিনকে আরো সমৃদ্ধ করবে। পাঠকদের পরামর্শ পাওয়া গেলে আগামী সংখ্যার বিজেএমসি বুলেটিন আরো সৃজনশীল এবং তথ্য সমৃদ্ধ করে প্রকাশ করা সম্ভব হবে।

### কৃতজ্ঞতা স্বীকার

চেয়ারম্যান বিজেএমসি, যাঁর নিরবচ্ছিন্ন উৎসাহ উদ্দীপনায় এ বুলেটিন। এছাড়া, সকল কর্মকর্তা ও কর্মচারি যাঁরা তথ্য/ছবি দিয়ে সহযোগিতা করেছেন তাদেরকেও জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ।

# পাট পলিমার ইউনিট এর শুভ উদ্বোধন

১২ মে ২০১৭ তারিখে লতিফ বাওয়ানী জুট মিলে পলিথিনের বিকল্প ব্যাগ তৈরির পাইলট প্ল্যান্ট উদ্বোধন করেন মাননীয় বস্ত্র ও পাটমন্ত্রী মুহা: ইমাজ উদ্দিন প্রামাণিক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম। এছাড়াও ঢাকা-৫ আসনের মাননীয় সংসদ সদস্য মো. হাবিবুর রহমান মোল্লা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব ফয়জুর রহমান চৌধুরী, বিজেএমসি চেয়ারম্যান ড. মোঃ মাহমুদুল হাসান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও বিজেএমসি'র বিভিন্ন স্টেক হোল্ডাররা উপস্থিত ছিলেন।

উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী মুহা: ইমাজ উদ্দিন প্রামাণিক বলেন, 'বর্তমান সরকার কাঁচা পাট ও বহুমুখী পাটজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি, রপ্তানি ও অভ্যন্তরীণ ব্যবহার বাড়ানো এবং পরিবেশ রক্ষায় পলিথিন বর্জনের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ নিচ্ছে।

বাংলাদেশি বিজ্ঞানীর আবিষ্কৃত এ পলিব্যাগ দেখতে প্রচলিত পলিথিনের মতই হালকা, পাতলা ও টেকসই। পাটের বিদ্যমান সেলুলোজকে প্রক্রিয়াজাত করে এ ব্যাগ তৈরি করা হয়েছে। পাটের তৈরি এ ব্যাগ দেখতে পলিব্যাগের মত হলেও মাটিতে ফেললে তিন মাসের মধ্যে তা পঁচে মাটির সঙ্গে মিশে যাবে। ফলে পরিবেশ দূষিত হবে না। এই ব্যাগ দামেও সাশ্রয়ী হবে। এভাবে পাটের ব্যবহার বাড়লে ন্যায্যমূল্য পাবেন কৃষক। অতীতের মতই পাট দিয়েই বিশ্বে সুপরিচিত হবে বাংলাদেশ।

মাননীয় পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী মির্জা আজম বলেন, 'আগামীতে বাণিজ্যিক ভিত্তিতে পলিথিনের মতই পাটের এ বিকল্প পণ্যের উৎপাদন শুরু করা হবে। তিন মাসের মধ্যে বিদেশ থেকে আনা হবে যন্ত্রপাতি। নিজস্ব তহবিল থেকে সবকিছু করা হচ্ছে। সরকারিভাবে উৎপাদনের পর বেসরকারিভাবেও এই ব্যাগ উৎপাদনে উৎসাহ দেয়া হবে। দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানী করা হবে। বাজারে যে পলিথিন ব্যাগ আছে তার চেয়ে দেড়গুণ বেশি টেকসই এবং ব্যবহারেও স্বাচ্ছন্দ্য পাওয়া যাবে।'



পলিথিনের বিকল্প ব্যাগ তৈরির পাইলট প্ল্যান্ট ফিতা কেটে উদ্বোধন করেন মাননীয় বস্ত্র ও পাটমন্ত্রী মুহা: ইমাজ উদ্দিন প্রামাণিক।




উদ্বোধন অনুষ্ঠানে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহা: ইমাজ উদ্দিন প্রামাণিক। বিশেষ অতিথি হিসেবে ছিলেন মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম, ঢাকা-৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মো. হাবিবুর রহমান মোল্লা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব ফয়জুর রহমান চৌধুরী, এতে সভাপতিত্ব করেন বিজেএমসি চেয়ারম্যান জনাব ড. মোঃ মাহমুদুল হাসান।



পলিথিনের বিকল্প ব্যাগ তৈরির পাইলট প্ল্যান্ট উদ্বোধনের পর মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহা: ইমাজ উদ্দিন প্রামাণিক ও বিশেষ অতিথি মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম ইউনিটটি ঘুরে দেখেন।

## নববর্ষের শুভেচ্ছা

বাংলা নববর্ষ ১৪২৪ সাল উপলক্ষে বিজেএমসির চেয়ারম্যান মহোদয় সবাইকে মোবাইলে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান।

শুভ বাংলা নববর্ষ ১৪২৪।।
আপনাদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা।।
আসুন সকলে মিলে আমাদের বিজেএমসি'কে দুর্নীতি মুক্ত একটি আদর্শ সরকারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলি।।
চেয়ারম্যান, বিজেএমসি

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে বিজেএমসির ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি



সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় "২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি" চেয়ারম্যান বিজেএমসির নিকট হস্তান্তর করছেন।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব এবং এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা প্রধানদের সাথে সচিবালয়ে ১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ এর জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে গত ১৪ জুন ২০১৭ তারিখে দপ্তর/সংস্থার প্রধানগণের সাথে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরী এ চুক্তি স্বাক্ষর করেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামাণিক এমপি, এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম এমপি এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

## বিজেএমসি'র সাথে মিল সমূহের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সম্পাদন

বিজেএমসি'র ৭ম তলায় ১৬ জুন ২০১৭ তারিখে বিজেএমসির সাথে নিয়ন্ত্রণাধীন মিলসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মিলের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন প্রকল্প প্রধানগণ ও বিজেএমসির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিজেএমসি'র চেয়ারম্যান ড. মোঃ মাহমুদুল হাসান।




মিলসমূহের প্রকল্প প্রধানদের সাথে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সম্পাদন

## বিক্রয় ও রপ্তানি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা

উপদেষ্টা (বিপণন) এর সভাপতিত্বে গত ০৬/০৫/২০১৭ তারিখে বিক্রয় ও রপ্তানি বিষয়ক ১০০২ তম মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিজেএমসি'র বিপণন বিভাগের কর্মকর্তাসহ মিল সমূহের বিক্রয় ও রপ্তানি প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় ২০১৬-১৭ অর্থ বছরের বিক্রয় লক্ষ্যমাত্রা ও অর্জন সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। জানা যায়, ২০১৬-১৭ অর্থ বছরের রপ্তানি লক্ষ্যমাত্রা ১১৫,০১১ মে.টনের বিপরীতে জুলাই'১৬ থেকে এপ্রিল'১৭ পর্যন্ত অর্জন ৭৯,৭৩৭ মে.টন এবং স্থানীয় বিক্রয়ের লক্ষ্যমাত্রা ৪২,৭০৬ মে.টনের বিপরীতে জুলাই'১৬ থেকে এপ্রিল'১৭ পর্যন্ত অর্জন ১৯,৩৫৩ মে.টন। জুন'১৭ সময়ের মধ্যে আর কত বিক্রয় বৃদ্ধি করা যায় এবং লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকলকে সক্রিয়করণের জন্য বিস্তারিত মতবিনিময় করা হয়। দিন ব্যাপী এই পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

## ঈদের শুভেচ্ছা

পবিত্র ঈদুল ফিতর ২০১৭ উপলক্ষে বিজেএমসির চেয়ারম্যান সবাইকে ঈদের শুভেচ্ছা জ্ঞাপন করেন।



## সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নেতৃত্বে জার্মানী এবং নেদারল্যান্ডস সফর



বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরী এর নেতৃত্বে ৬ (ছয়) সদস্যবিশিষ্ট একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল গত ২৪-৩০ মে ২০১৭ তারিখে পাটপণ্যের বাজার সম্প্রসারণ, সোনালী ব্যাগ (পাট পলিমার ব্যাগ) ও পাট পাতার পানীয় উৎপাদনের মেশিনারীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সঙ্গে অভিজ্ঞতা বিনিময়ের জন্য জার্মানী ও নেদারল্যান্ডস সফর করেন। সফরকালে প্রতিনিধি দল জার্মানী ও নেদারল্যান্ডস-এ বিজেএমসির পাট পণ্যের ক্রেতাদের সঙ্গে আলাপ আলোচনা করেন। সফরকালে নেদারল্যান্ডস্থ বাংলাদেশের রাষ্ট্রদূতের উদ্যোগে European Jute Association এর কর্মকর্তাদের সাথে এক বৈঠকের আয়োজন করা হয়। বৈঠকে Association President এবং Secretary General ও উপস্থিত ছিলেন।

## অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ইন্দোনেশিয়া সফর

বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য জনাব ডাঃ এনামুর রহমান, এমপি-এর নেতৃত্বে ৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১০-২২ জুন, ২০১৭ তারিখে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড এবং ইন্দোনেশিয়া সফর করেন। সফরকালে প্রতিনিধি দল অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড এবং ইন্দোনেশিয়া-র পাট পণ্যের ক্রেতাদের সঙ্গে আলাপ আলোচনা করেন।



## বিজেএমসিতে বাংলাদেশে Jute Geo-Textile এর সম্ভাবনা ও ব্যবহার বৃদ্ধিতে সরকারী প্রতিষ্ঠানসমূহের ভূমিকা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

১১ মে ২০১৭ তারিখে বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি) এর উদ্যোগে বোর্ডসভা কক্ষে "বাংলাদেশে Jute Geo-Textile এর সম্ভাবনা ও ব্যবহার বৃদ্ধিতে সরকারী প্রতিষ্ঠানসমূহের ভূমিকা" শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরী। কর্মশালার সভাপতিত্ব করেন বিজেএমসি'র চেয়ারম্যান ড. মোঃ মাহমুদুল হাসান। উক্ত কর্মশালায় Jute Geo-Textile এর উপর মূল প্রবন্ধ পাঠসহ বিস্তারিত আলোচনা করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় প্রফেসর ড. আব্দুল জব্বার খান।



উক্ত কর্মশালায় আরো উপস্থিত ছিলেন Jute Geo-Textile এর সাথে সম্পৃক্ত ১৪ টি সরকারি প্রতিষ্ঠানের (কৃষি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, পিডিবি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, আর্মি স্পেশাল ওয়ার্কস, পাট গবেষণা ইনিস্টিটিউট, জেডিপিসি, সড়ক পরিববহন ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়) প্রতিনিধিগণ এবং বিজেএমসির পরিচালকবৃন্দ ও অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। কর্মশালায় মাটির ক্ষয়রোধ, গাছপালা রক্ষা, তথা পরিবেশ সুরক্ষায় নদীর ভাঙ্গন রোধ, কাঁচা রাস্তার ধ্বস রোধে Jute Geo Textiles এর ব্যবহার বৃদ্ধির উপর গুরুত্ব অরোপ করা হয়।

# বিজেএমসিতে নতুন উপদেষ্টা যোগদান



জনাব ড. মোবারক আহমেদ খান গত ০৯/০৪/২০১৭ তারিখে বিজেএমসিতে পাট হতে পলিমার ব্যাগ উৎপাদন উপদেষ্টা হিসেবে যোগদান করেন। তিনি ১ (এক) বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ প্রাপ্ত হয়েছেন। বিজেএমসিতে যোগদান করার পূর্বে তিনি আনবিক শক্তি গবেষণা কেন্দ্রে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে ছিলেন।



জনাব এ, এইচ, এম ঈসমাইল খাঁন গত ১৬/০৩/২০১৭ তারিখে বিজেএমসিতে পাট পাতা হতে পানীয় তৈরীর প্রকল্পে উপদেষ্টা হিসেবে যোগদান করেন। তিনি ১ (এক) বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ প্রাপ্ত হয়েছেন। তিনি ওয়ার্সী এগ্রোটেক এর স্বত্বাধিকারী ও ওয়ার্সী এ্যাকোয়াটেক লিঃ এর চেয়ারম্যান।

## চাকুরী থেকে অবসর গ্রহণ

এপ্রিল-জুন'২০১৭ প্রান্তিকে বিজেএমসি প্রধান কার্যালয়, জোনাল অফিস ও মিল হতে যে সকল কর্মকর্তা ও কর্মচারি অবসর গ্রহণ/পিআরএল-এ গমন করেছেন, তাঁদের জন্য রইল প্রাণঢালা শুভ কামনা, তারা হলেন-

| ক্রঃনং | কর্মকর্তার নাম | পদবী | বর্তমান কর্মস্থল | পিআরএল এ যাবার তারিখ |
|---|---|---|---|---|
| ১ | বেগম আক্তার জাহান | সহ-ব্যবস্থাপক (পরিচালক গমানি দপ্তর) | বিজেএমসি | ১৪-০৪-১৭ |
| ২ | জনাব আব্দুল বাকী মিয়া | সহ-ব্যবস্থাপক (হিসাব) | বাংলাদেশ | ২১-০৪-১৭ |
| ৩ | জনাব মোঃ নুরুল ইসলাম | উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ/পরিকল্পনা) | বিজেএমসি | ৩১-০৫-১৭ |
| ৪ | জনাব আজমীর রহমান খান ইউসুফজী | ব্যবস্থাপক (ভাঃ ক্রয়) | লতিফ বাওয়ানী | ২৫-০৬-১৭ |

## বিদায়ী কর্মকর্তা ও কর্মচারীদের বিদায় সংবর্ধনা

বিজেএমসিতে দীর্ঘদিন ধরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে যারা ১৪/১১/১৬ তারিখের পর অবসরে গেছেন তাদের উদ্দেশ্যে গত ২০ এপ্রিল ২০১৭ তারিখে বিজেএমসি'র সম্মেলন কক্ষে এক বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। এতে বিদায়ী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাদের অনুভূতি ব্যক্ত করেন এবং সকলের কাছ থেকে আনুষ্ঠানিকভাবে দোয়া চেয়ে বিদায় নেন। অনুষ্ঠানে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের বক্তৃতা শেষে সকল বিদায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে শুভেচ্ছা উপহার দেয়া হয়।



শোক বার্তা

## যে সকল সহকর্মী আমাদের কাছ থেকে চির বিদায় নিয়েছেন

এপ্রিল-জুন ২০১৭ সময়ে প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও মিল হতে যে সকল কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক মৃত্যুবরণ করেছেন। বাংলাদেশ পাটকল করপোরেশন শোকস্তব্ধ হৃদয়ে মহান সৃষ্টিকর্তার কাছে তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সহানুভূতি ও সমবেদনা জ্ঞাপন করছে-

| ক্রঃ নং | মৃত ব্যক্তির নাম ও পদবী | মিলের নাম | মৃত্যুর তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব নজরুল ইসলাম, তাঁতী | করিম জুট মিলস্ লিঃ | ০৪/০৪/১৭ |
| ২. | জনাব সামসুল আলম, তাঁতী | করিম জুট মিলস্ লিঃ | ০৭/০৪/১৭ |
| ৩. | জনাব আঃ হাকিম, স্লাইডার ফিডার | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ০৯/০৪/১৭ |
| ৪. | জনাব জালাল হোসেন, হেলপার | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ১৩/০৪/১৭ |
| ৫. | জনাব ওসমান গণি, মিহি তাঁতী | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ১৬/০৪/১৭ |
| ৬. | জনাব মোঃ আনু ভূঁইয়া, নিরাপত্তা প্রহরী | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ১৮/০৪/১৭ |
| ৭. | জনাব মোঃ ইউনুছ আলী শেখ, হেলপার | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | ২৩/০৪/১৭ |
| ৮. | জনাব মোঃ বাবুল হোসেন, ইলেক্ট্রিশিয়ান | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ২৫/০৪/১৭ |
| ৯. | জনাব মোঃ নজির আহম্মদ, লাইন সরদার | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ২৯/০৪/১৭ |
| ১০. | জনাব আঃ মজিদ মিয়া, তাঁতী | করিম জুট মিলস্ লিঃ | ০৮/০৫/১৭ |
| ১১. | জনাব মোঃ মঞ্জুর হোসেন, নিরাপত্তা প্রহরী | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ১০/০৫/১৭ |
| ১২. | জনাব শামছুল আলম, লেটার পেইন্টার | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ১০/০৫/১৭ |
| ১৩. | জনাব মোঃ আকমাল হোসেন, নিম্নমান সহকারী | করিম জুট মিলস্ লিঃ | ১৮/০৫/১৭ |
| ১৪. | জনাব আব্দুর রহিম, স্পিনার | করিম জুট মিলস্ লিঃ | ২৬/০৫/১৭ |
| ১৫. | জনাব জয়নাল আবেদীন (হোসেন), ড্রাইভার | বিজেএমসি প্রধান কার্যালয় | ২৮/০৫/১৭ |
| ১৬. | জনাব মোসলেম উদ্দিন, তাঁতী | করিম জুট মিলস্ লিঃ | ২৮/০৫/১৭ |
| ১৭. | জনাব সাদ্দাম হোসেন, হেলপার | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ১৪/০৬/১৭ |

## প্রশিক্ষণ

### বিজেএমসি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকাঃ

বিজেএমসি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় "এডভান্সড কম্পিউটার কোর্স-৫৯", "এডভান্সড কম্পিউটার কোর্স-৬০" ও "এডভান্সড কম্পিউটার কোর্স-৬১" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি যথাক্রমে ০২-০৪-১৭ হতে ২০-০৪-১৭ তারিখে, ২৩-০৪-১৭ হতে ১১-০৫-১৭ তারিখ ও ১৪-০৫-১৭ হতে ০১-০৬-১৭ তারিখ অনুষ্ঠিত হয় যেখানে বিভিন্ন মিলের সর্বমোট ৭০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

### অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচিঃ

১। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে ০৫-০২-১৭ হতে ১৭-০৫-১৭ তারিখ মেয়াদে "English Language Proficiency Course" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে বিজেএমসির ২ (দুই) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

২। "Post Graduate Diploma in information & Communication" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ১ বছর (জানুয়ারি-ডিসেম্বর) মেয়াদে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে অনুষ্ঠিত হচ্ছে। বিজেএমসি থেকে ৩ (তিন) জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।

৩। "Development of employee Efficiency & productivity", "Bangladesh Labor Laws as amended in 2013 & Labor Rules ২০১৫", "Understanding L/C Procedures for Export & import Operation" এবং "Material and Inventory Management" শীর্ষক ৪টি প্রশিক্ষণ কর্মসূচি যথাক্রমে ২১-০৪-১৭-২২-০৪-১৭, ২১-০৪-১৭-২২-০৪-১৭, ২৮-০৪-১৭-২৯-০৪-১৭ এবং ২৮-০৪-১৭-২৯-০৪-১৭ তারিখ মেয়াদে Dhaka Chamber of Commerce & Industry-তে অনুষ্ঠিত হয়। বিজেএমসি'র সর্বমোট ৮ (আট) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্মসূচি কর্তৃক ২৩.০৫.২০১৭ তারিখে আয়োজিত "ই-নথির উপর রিফ্রেসার্স কোর্স" প্রশিক্ষণে বিজেএমসি'র ১ (এক) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

৫। লতিফ বাওয়ানী জুট মিলস লি: ও করিম জুট মিলস্ লি: এর ২৭ জন নারী শ্রমিকের অংশগ্রহণে গত ২৫.০৫.২০১৭ তারিখ "নারী শ্রমিক ও শ্রম আইন" বিষয়ক কর্মশালা লতিফ বাওয়ানী জুট মিলে অনুষ্ঠিত হয়।

৬। "সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী" শীর্ষক প্রশিক্ষণে ০৯.০৬.২০১৭ হতে ১০.০৬.২০১৭ মেয়াদে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টে অনুষ্ঠিত হয়। বিজেএমসি'র ১ (এক) জন কর্মকর্তা উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

৭। বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টে ১৮.০৬.২০১৭ তারিখে অনুষ্ঠিত "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে বিজেএমসি'র ৫ (পাঁচ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**বৈদেশিক প্রশিক্ষণ/কর্মশালা।**

১। "Invitation To The Dialogue Workshop On Conformity Standards" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২৩-০৫-২০১৭ হতে ২৫-০৫-২০১৭ তারিখ মেয়াদে Confederation Of India Industry, Chemonics International Inc. And Business Initiative Leading Development, দিল্লীতে অনুষ্ঠিত হয়। BUILD / USAID কর্তৃক আয়োজনকৃত এ কর্মশালায় বিজেএমসি থেকে ১ (এক) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

২। Indian Institute Of Foreign Trade (IIFT), New Delhi, India -তে "WTO Anti-Dumping Agreement And Regional Perspective" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২২-০৫-২০১৭ হতে ২৬-০৫-২০১৭ তারিখ মেয়াদে অনুষ্ঠিত হয় তাতে বিজেএমসি'র বিপণন বিভাগের ১ (এক) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্য উক্ত প্রশিক্ষণ কর্মশালাটি WTO Cell Of Ministry Of Commerce কর্তৃক আয়োজন করা হয়।

## বিজেএমসির মিলসমূহের মাধ্যমে পরিচালিত বিদ্যালয়গুলোর এসএসসি ২০১৭ এর ফলাফল

| ক্র: নং | বিদ্যালয়ের নাম | শিক্ষকের সংখ্যা | মোট শিক্ষার্থী সংখ্যা | এসএসসি পরীক্ষা ও ফলাফলের বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট পরীক্ষার্থী সংখ্যা | পাশকৃত পরীক্ষার্থী সংখ্যা | পাশকৃত পরীক্ষার্থীর শতকরা হার | এ+প্রাপ্ত পরীক্ষার্থী সংখ্যা |
| ১ | বাওয়ানী আদর্শ বিদ্যালয় | ১৭ | ৮৫৫ | ২০৫ | ২০৪ | ৯৯.৫১% | ৬৭ |
| ২ | বাংলাদেশ জুট মিল প্রাথমিক বিদ্যালয় | ৬ | ৩২৭ | ৪৭ | ৪৭ | ১০০% | ১ |
| ৩ | রাজশাহী পাটকল উচ্চ বিঃ | ১২ | ৪৭১ | ১৬৭ | ১৬৭ | ১০০% | ১৮ |
| ৪ | ইউএমসি আদর্শ বিদ্যালয় | ১৪ | ১১৪৯ | ৪৬৩ | ৪৪৭ | ৯৬.৫৪% | ১ |
| ৫ | সবুজ শিক্ষায়তন উচ্চ বিঃ | ১২ | ১৮৬১ | ৩৭৩ | ৩৬৩ | ৯৭.৩১% | ৩৫ |
| ৬ | আলীম-ইস্টার্ণ মাধ্যঃ বিঃ | ৭ | ৩৬১ | ১৭৮ | ১৫৭ | ৮৮.২০% | ৮ |
| ৭ | ক্রিসেন্ট মাধ্যঃ বিদ্যালয় | ১৬ | ১০১৩ | ২৯৭ | ২৮৪ | ৯৫.৬২% | ২০ |
| ৮ | পিপলস মাধ্যমিক বিদ্যাঃ | ১৩ | ৮১৮ | ৩০৪ | ২৮৯ | ৯৫.০৭% | ৮ |
| ৯ | প্লাটিনাম মাধ্যঃ বিদ্যাঃ | ৬ | ১০৩৭ | ৩৬৭ | ৩৬৪ | ৯৯.১২% | ১২ |
| ১০ | স্টার মাধ্যমিক বিদ্যালয় | ১৫ | ১০১৮ | ৩৮৭ | ৩৭৪ | ৯৬.৫৪% | ২৬ |
| ১১ | আমিন নিম্নমাধ্যঃ বিদ্যাঃ | ৭ | ৬১০ | ১১২ | ১১২ | ১০০% | ২ |
| ১২ | কর্ণফুলী জুট মিলস্ নিম্ন মাধ্যমিক বিঃ | ৬ | ১৩৬ | ১৩ | ১৩ | ১০০% | ০ |
| ১৩ | জেজেআই নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ১৩ | ২৬৮ | ৫০ | ৫০ | ১০০% | ৬ |
| | **সর্বমোট=** | **১৪৪** | **৯৯২৪** | **২৯৬৩** | **২৮৭১** | **৯৭.৫৩%** | **২০৪** |

## কৃতি সন্তান

২০১৭ সালের এস এস সি পরীক্ষার ফলাফল :

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি (নাম ও পদবী) | সন্তানের নাম | শিক্ষা প্রতিষ্ঠান | ফলাফল |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মামনুর রশীদ<br>মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)<br>বিজেএমসি, ঢাকা | ফারহানা রশীদ রিতু | ইস্পাহানী গার্লস হাইস্কুল এন্ড কলেজ<br>মগবাজার, ঢাকা। | জিপিএ-৫.০০ |
| ২ | জনাব গাজী শাহাদাৎ হোসেন<br>মহাব্যবস্থাপক (আর সি ও)<br>খুলনা জোনাল অফিস | গাজী জান্নাতুন নাওয়ার | সরকারি মাতৃপীঠ বালিকা বিদ্যালয়<br>চাঁদপুর। | জিপিএ-৫.০০ |
| ৩ | জনাব মোঃ আব্দুল মান্নান<br>ব্যবস্থাপক (বোর্ড এন্ড কোং)<br>বিজেএমসি, ঢাকা | নাসিমা মোবাশ্বিরা | এ.কে স্কুল এন্ড কলেজ<br>দনিয়া, ঢাকা। | জিপিএ-৫.০০<br>(গোল্ডেন) |
| ৪ | আশরাফ শেখ, শ্রমিক<br>খালিশপুর জুট মিলস লিঃ | আলাউদ্দিন শেখ | পিপলস জুট মিলস মাধ্যমিক বিদ্যালয় | জিপিএ-৫.০০ |
| ৫ | আনোয়ার, ড্রইং ফিডার<br>খালিশপুর জুট মিলস লিঃ | সুমনা আক্তার | পূর্ব চাদ পাশা মাধ্যমিক বিদ্যালয় | জিপিএ-৫.০০ |

## জাতীয় পর্যায়ে ৭ (সাত) বার দ্রুততম মানবী সুলতানা পারভীন এর ক্রীড়া জীবন



১৯৯২ সালে বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন পিপলস জুট মিলস লিঃ এর ক্রীড়াবিদ হিসেবে সুলতানা পারভীন যোগদান করেন। এরপর টানা ১২ বছর ১০০ মিটার, ২০০ মিটার ও ৪X১০০ মিটার রীলে ৪X৪০০ মিটার রীলে দৌড় প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে ৪৫টি স্বর্ণ পদকসহ ৭ (সাত) বার বাংলাদেশের দ্রুততম মানবী খেতাব অর্জন করেন। জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ক্রীড়াবিদ সুলতানা পারভীন লাভলী ১৯৯২ সালে ১০০ মিটার স্প্রিন্টে স্বর্ণ পদক জয়সহ দ্রুততম মানবী খেতাব অর্জনের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে প্রবেশ করেন। এরপর ধারাবাহিকভাবে ২০০৩ সাল পর্যন্ত জাতীয় পর্যায়ে স্বর্ণ পদকসহ দ্রুততম মানবী খেতাব অর্জন করেন। আন্তর্জাতিক অঙ্গনে ১৯৯৩ সালে ঢাকায় অনুষ্ঠিত সাফ গেমসে ৪X১০০ মিটার রীলেতে ব্রোঞ্জ পদক জয় করেন। ১৯৯৬ সালে পাকিস্তানে অনুষ্ঠিত ইসলামিক গেমসে ১০০ মিটার স্প্রিন্টে ব্রোঞ্জ ও ৪X১০০ মিটার রীলেতে রৌপ্য পদক জয় করেন। ১৯৯৭ সালে ইরানে বিশ্ব ইসলামিক গেমসে ৪X১০০ মিটার রীলেতে পদক ব্রোঞ্জ পদক জয় করেন। সর্বশেষে ২০১৫তে ঢাকায় অনুষ্ঠিত ১ম মাষ্টার এ্যাথলেটিকস-এ ২টি স্বর্ণ জয় করেন। ১৫টির মতো আন্তর্জাতিক গেমসে অংশ গ্রহণ করেন। ক্রীড়া ক্ষেত্রে অধিকতর যোগ্যতা অর্জনের জন্য তিনি ২০১৩ সালে সিইসিএস লেভেল-১ ইয়ুথ কোচ ও অলিম্পিক সলিডারিটি (এ্যাথলেটিকস) প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেন। বর্তমানে প্লাটিনাম জুবিলী জুট মিলস লিঃ এর সহকারী সমন্বয় কর্মকর্তা (প্রশাসন) ও নিরাপত্তা বিভাগীয় প্রধানের দায়িত্ব পালন করছেন ।

## মহান 'মে' দিবস পালন




মহান মে দিবস। বিশ্বের শ্রমজীবি মানুষের অধিকার আদায়ের দিন। ১৮৮৬ সালের এই দিনে মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগো শহরের হে মার্কেটের শ্রমিকেরা ৮ ঘন্টা কাজের দাবিতে আন্দোলনে নামেন। অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে প্রাণ দেন কয়েকজন শ্রমিক। ওইদিন তাদের আত্মদানের মধ্য দিয়েই শ্রমিক শ্রেণির অধিকার প্রতিষ্ঠিত হয়েছিল। শ্রমজীবি মানুষের অধিকার আদায়ে শ্রমিকদের আত্মত্যাগের এ দিনটি তখন থেকেই সারা বিশ্বে মে দিবস হিসেবে পালিত হয়ে আসছে। বাংলাদেশেও এ দিবসটি প্রতি বছর রাষ্ট্রীয়ভাবে উদ্‌যাপিত হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় প্রতি বছরের ন্যায় এবারও বিজেএমসি কেন্দ্রীয় কর্মচারী সংসদ (সিবিএ) এর উদ্যোগে মে দিবসে বাংলাদেশ জাতীয় শ্রমিক লীগের সভা ও র‍্যালীতে অংশগ্রহণ করেন। র‍্যালী শেষে বিজেএমসি কেন্দ্রীয় কর্মচারী সংসদ অফিসে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

## ইফতার ও দোয়া মাহফিল



বিজেএমসি কেন্দ্রীয় কর্মচারী সংসদ (সিবিএ) এর উদ্যোগে বিজেএমসি'র ৭ম তলায় ১৯-০৬-২০১৭ তারিখ ২৩ রমজানে প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে নিয়ে এক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত মাহফিলে বিজেএমসির চেয়ারম্যান মহোদয় উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠান শেষে বিজেএমসির সামগ্রিক উন্নতির জন্য ও সকলের মঙ্গল কামনা করে দোয়া করা হয়।



## আদমজী বন্ধের ১৫ বছর

৩০ জুন আদমজী জুট মিল বন্ধের ১৫ বছর পূর্ণ হলো। ২০০২ সালের এই দিনে এশিয়ার বৃহত্তম পাটকল আদমজী জুট মিলস লিঃ বন্ধ করে দেয়া হয়েছিল। ২৯৭ একর জমির ওপর নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদীর তীরে আদমজী জুট মিল গড়ে ওঠে। ১৭০০ হেসিয়ান ও ১০০০ স্যাকিং লুম দিয়ে এই মিলের উৎপাদন শুরু হয় ১৯৫১ সালে। সে সময় এ মিলের উৎপাদন থেকে প্রতি বছর প্রায় ৬০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা আয় হতো। তখন মিলে তাঁত কল ছিল ৩ হাজার ৩০০টি। এ সময় আদমজী জুট মিল লিঃ ছিল পৃথিবীর অন্যতম পাটকল এবং এশিয়া মহাদেশের সর্ববৃহৎ কারখানা। ১৯৭৪ সালের ২৬ মার্চ রাষ্ট্রপতির আদেশ বলে আদমজী জুট মিল জাতীয়করণ করে বাংলাদেশ পাটকল কর্পোরেশনের হাতে ন্যস্ত করা হয়। প্রাকৃতিক সৌন্দর্য সমৃদ্ধ এক মনোরম পরিবেশে গড়ে ওঠা এশিয়ার বৃহত্তম সেই আদমজী জুট মিল এখন শুধুই স্মৃতি।

## এমপিএ (MPA-2010) বাস্তবায়নে নতুন উদ্যোগঃ

পাটের হারানো গৌরব ফিরিয়ে আনতে এবং ধান, মরিচ, আটা, আদা, ভুট্টা, চাল, ধনিয়া, গম, আলু, রসুন, সার, চিনি, ডাল, হলুদ, ময়দা, পেঁয়াজ, চিনি এ ১৭টি পণ্যে পাটের মোড়ক ব্যবহার নিশ্চিত করতে সারা দেশে সাঁড়াশি অভিযান পরিচালনা করে বস্ত্র ও পাট মন্ত্রণালয়। "ম্যান্ডেটরি প্যাকেজিং অ্যাক্ট, ২০১০" নামের আইনটি কার্যকর করতে সরকার বিজেএমসি ও অন্যান্য প্রতিষ্ঠান মিলে যৌথ অভিযান পরিচালনা করে। বাংলাদেশ ব্যাংক নির্দেশনা জারি করেছে ধান, চাল, গম, ভুট্টা, সার ও চিনি ব্যবসায়ীরা পাটের ব্যাগ ব্যবহার না করলে ব্যাংক ঋণ পাবেন না। বাণিজ্য মন্ত্রণালয় নিশ্চিত করেছে, পাটের ব্যাগ ব্যবহার না করলে লাইসেন্স বাতিল হবে রাইস মিল, হাসকিং ও চাতাল মালিকদের। পরিবেশ অধিদফতরের ছাড়পত্র পেতে প্লাষ্টিক পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মুচলেকা দিতে হবে 'ডব্লিউপিপি ব্যাগ উৎপাদন ও সরবরাহ করবে না'।




"ম্যান্ডেটরি প্যাকেজিং অ্যাক্ট, ২০১০" ২০১০ সালে পাস করা হয়েছিল এর আওতায় ধান, চাল, গম, ভুট্টা, সার ও চিনি এ ছয়টি পণ্যের মোড়কীকরণে এবং পরে সরকার আরও ১১টি পণ্যের মোড়কীকরণে পাটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক করেছে। বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম বলেন, এ আইন মানার পক্ষে সবাই। কেউ এ আইন মানার বিরোধিতা করছে না। পাটের ব্যাগ ব্যবহারের মধ্যে দেশপ্রেম রয়েছে। এটা পরিবেশ বান্ধব।

## মিলে মিলে আনন্দ আয়োজন- ১লা বৈশাখ উদযাপন



বাংলা নববর্ষ ১৪২৪ সাল উপলক্ষে বিজেএমসির আওতাধীন মিলসমূহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেন। বিভিন্ন মিলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পান্তা ইলিশের আয়োজন করায় অত্যন্ত আনন্দঘন পরিবেশ সৃষ্টি হয়। তারই প্রেক্ষিতে হাফিজ জুট মিলে কর্মকর্তা ও কর্মচারীদের পরিবার পরিজন নিয়ে একসাথে পান্তা ইলিশ আয়োজন করে।

## বিজেএমসির প্রধান কার্যালয়, জোনাল অফিস ও মিল হতে যে সকল কর্মকর্তাগণ পদোন্নতি প্রাপ্ত হয়েছেন তার তালিকা:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ শহিদ উল্যাহ্ | উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) | বিজেএমসি প্রধান কার্যালয় | মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) |
| ০২. | জনাব শেখ রহমত উল্লাহ | উপ-মহাব্যবস্থাপক (বিপণন) | বিজেএমসি প্রধান কার্যালয় | মহাব্যবস্থাপক (বিপণন) |
| ০৩. | জনাব মোঃ মোজাম্মেল হক | ব্যবস্থাপক (প্রশাসন) | স্টার জুট মিলস্ লিঃ | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ০৪. | জনাব মোহাম্মদ ফারুক মিয়া | ব্যবস্থাপক (বিপণন) | বিজেএমসি প্রধান কার্যালয় | উপ-মহাব্যবস্থাপক (বিপণন) |
| ০৫. | জনাব মোঃ নজরুল ইসলাম | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) | আমিন জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (উৎপাদন) |
| ০৬. | জনাব রফিকুল ইসলাম | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) | বিজেএমসি প্রধান কার্যালয় | ব্যবস্থাপক (উৎপাদন) |
| ০৭. | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপ-ব্যবস্থাপক (বিপণন | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (বিপণন) |
| ০৮. | জনাব কাজী কামরুল করিম | উপ-ব্যবস্থাপক (বিপণন) | বিজেএমসি প্রধান কার্যালয় | ব্যবস্থাপক (বিপণন) |
| ০৯. | জনাব আঃ লতিফ | উপ-ব্যবস্থাপক (বিপণন) | বিজেএমসি প্রধান কার্যালয় | ব্যবস্থাপক (বিপণন) |
| ১০. | জনাব মহব্বত আলী খান | প্রকৌশলী (যান্ত্রিক) | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (যান্ত্রিক) |
| ১১. | জনাব ফরিদ আহম্মদ | প্রকৌশলী (যান্ত্রিক) | আমিন জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (যান্ত্রিক) |
| ১২. | জনাব আব্দুর রশিদ | প্রকৌশলী (যান্ত্রিক) | খালিশপুর জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (যান্ত্রিক) |
| ১৩. | জনাব সাদেক আলী | প্রকৌশলী (যান্ত্রিক) | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (যান্ত্রিক) |
| ১৪. | জনাব মোঃ আখতার হোসেন | প্রকৌশলী (বিদ্যুৎ) | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (বিদ্যুৎ) |
| ১৫. | জনাব মোঃ রেজাউল করিম | প্রকৌশলী (বিদ্যুৎ) | রাজশাহী জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (বিদ্যুৎ) |
| ১৬. | জনাব মোঃ বেলাল হোসেন | জ্যেষ্ঠ নিরাপত্তা কর্মকর্তা | রাজশাহী জুট মিলস্ লিঃ | উপ-প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ১৭. | জনাব মোঃ  সেলিম | উপ-ব্যবস্থাপক (ভাঃ ক্রয়) | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | ব্যবস্থাপক (ভান্ডার ক্রয়) |
| ১৮. | জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন | সহঃ ব্যবস্থাপক (প্রশাসন) | বিজেএমসি প্রধান কার্যালয় | উপ-ব্যবস্থাপক (প্রশাসন) |
| ১৯. | জনাব মোঃ জাহিদুল ইসলাম | সহঃ ব্যবস্থাপক (প্রশাসন) | বিজেএমসি প্রধান কার্যালয় | উপ-ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২০. | জনাব কে,এম তানজিলুর রহমান | সহঃ ব্যবস্থাপক (প্রশাসন) | বিজেএমসি প্রধান কার্যালয় | উপ-ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২১. | জনাব মোঃ সেকাদত হোসেন খাঁন | সহঃ ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (হিঃ ও অর্থ) |
| ২২. | জনাব মোঃ আতিকুর রহমান | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৩. | জনাব মোহাম্মদ হেলাল পাটওয়ারী | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | আমিন জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৪. | জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | করিম জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৫. | জনাব মোঃ মাহবুবুল হক | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | হাফিজ জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৬. | জনাব আসাদুল হক | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | দৌলতপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৭. | জনাব এ এস এম হাসানুজ্জামান | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৮. | জনাব শফিউল আলম | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | আর আর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ২৯. | জনাব মোহাম্মদ মাহবুব আলম | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | লতিফ বাওয়ানী জুট মিলস্ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩০. | জনাব মোহাম্মদ লিয়াকত আলী | সহঃ ব্যবস্থাপক (উৎপাদন) | লতিফ বাওয়ানী জুট মিলস্ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩১. | জনাব মঞ্জুরুল আলম | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | স্টার জুট মিলস্ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩২. | জনাব মোঃ মোজাম্মেল হোসেন | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | ইউএমসি জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩৩. | জনাব শামীম আহমেদ | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | ইউএমসি জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|---|
| ৩৪. | জনাব মোঃ আঃ মালেক | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩৫. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | করিম জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩৬. | জনাব মোহাম্মদ জিলানী পাটোয়ারী | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | স্টার জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩৭. | জনাব মোস্তাফিজুর রহমান মাসকিন | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | ইউএমসি জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩৮. | জনাব মোঃ আরিফুল ইসলাম হেলাল | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৩৯. | জনাব মোঃ রওশন জাহিদ প্রধান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | করিম জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪০. | জনাব মোঃ রুহুল আমিন খন্দকার | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | হাফিজ জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪১. | জনাব মোঃ লেলিন রহমান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | জাতীয় জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪২. | জনাব মোঃ আরিফুর রহমান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | গুল আহমদ জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৩. | জনাব মোঃ আশরাফ আলী | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | খালিশপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৪. | জনাব মোঃ মিজানুর রহমান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | খালিশপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৫. | জনাব মোঃ মাজেদুল হক | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | আমিন জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৬. | জনাব মোঃ সুমন আহমেদ | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | খালিশপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৭. | জনাব কে এম মেজবাহ আহসান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | খালিশপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৮. | জনাব সাইফুল ইসলাম | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | গুল আহমদ জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪৯. | জনাব মোঃ সাইদুর রহমান | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | দৌলতপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৫০. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সহ-ব্যবস্থাপক (পাট) | জাতীয় জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (পাট) |
| ৫১. | জনাব খান মোঃ রাসেল | সহ-ব্যবস্থাপক (পাট) | রাজশাহী জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (পাট) |
| ৫২. | জনাব মোঃ আনোয়ার ছাদাত | সহ-ব্যবস্থাপক (পাট) | খালিশপুর জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (পাট) |
| ৫৩. | জনাব মোঃ চাঁন মিয়া | সহ-ব্যবস্থাপক (পাট) | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (পাট) |
| ৫৪. | জনাব মোঃ খাজা সাজেদুল ইসলাম | সহ-ব্যবস্থাপক (পাট) | করিম জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (পাট) |
| ৫৫. | জনাব আরিফুন্নাহার | সহ-ব্যবস্থাপক (ভান্ডার) | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (ভান্ডার) |
| ৫৬. | জনাব আনছার উদ্দিন মাহমুদ | সহ-ব্যবস্থাপক (ভান্ডার ক্রয়) | গালফ্লা হাবীব লিঃ | উপ-ব্যবস্থাপক (ভান্ডার ক্রয়) |
| ৫৭. | জনাব মোঃ মঈন উদ্দিন | সহ-ব্যবস্থাপক (ভান্ডার ক্রয়) | গুল আহমদ জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (ভান্ডার ক্রয়) |
| ৫৮. | জনাব এস.এম. জাকির হোসেন | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | ষ্টার জুট মিল্স লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৫৯. | জনাব হরিরঞ্জন কর্মকার | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬০. | জনাব আব্দুল মালেক | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | খালিশপুর জুট মিলস্ লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬১. | জনাব মতিউর রহমান | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | করিম জুট মিলস্ লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬২. | জনাব মোঃ শহিদুর রহমান | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | হাফিজ জুট মিলস্ লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬৩. | জনাব মজিবুর রহমান | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | লতিফ বাওয়ানী জুট মিলস্ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬৪. | জনাব মোঃ গোলাম সরোয়ার | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | বিডিসিএফ লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬৫. | জনাব এমডি খলিলুর রহমান | সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | খালিশপুর জুট মিলস্ লিঃ | প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬৬. | জনাব মোঃ নজরুল ইসলাম | সহঃ প্রকৌশলী (বিদ্যুৎ) | খালিশপুর জুট মিলস্ লিঃ | প্রকৌশলী (বিদ্যুৎ) |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|---|
| ৬৭. | জনাব মোঃ তৌহিদুল ইসলাম | সহঃ ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৬৮. | জনাব সুমন সরকার | সহঃ ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | উপ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৬৯. | জনাব সাইকুল ইসলাম রনি | সহঃ ব্যবস্থাপক (বিপণন) | বিজেএমসি প্রধান কার্যালয় | উপ-ব্যবস্থাপক (বিপণন) |
| ৭০. | জনাব মোঃ জামাল হোসেন | সহঃ বিক্রয় কর্মকর্তা | ইষ্টার্ন জুট মিলস্ | সহ-ব্যবস্থাপক (বিপণন) |
| ৭১. | জনাব মোঃ আনোয়ার হোসেন | সহঃ বিক্রয় কর্মকর্তা | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (বিপণন) |
| ৭২. | জনাব ফাতেমা তুজ জোহরা | সহঃ বিক্রয় কর্মকর্তা | খালিশপুর জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (বিপণন) |
| ৭৩. | জনাব মন্টু দেওয়ান | সহ-উৎপাদন কর্মকর্তা | আমিন জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৭৪. | জনাব শামীম হোসেন | সহ-উৎপাদন কর্মকর্তা | করিম জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৭৫. | জনাব সঞ্জয় কুমার ঘোষ | সহঃ সমন্বয় কর্মকর্তা (ভান্ডার) | কার্পেটিং জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (ভান্ডার) |
| ৭৬. | জনাব সাবিহা ফারজিন | সহঃ সমন্বয় কর্মকর্তা (ভান্ডার) | খালিশপুর জুট মিলস্ | সহ-ব্যবস্থাপক (ভান্ডার) |
| ৭৭. | জনাব মোঃ শরীফুল ইসলাম | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | জাতীয় জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৭৮. | জনাব মোঃ মঈনুল ইসলাম | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | গুল আহমদ জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৭৯. | জনাব শর্মিলা ব্যানার্জী | সহঃ সমন্বয় কর্মকর্তা (প্রশাসন) | বিজেএমসি প্রধান কার্যালয় | সহ-ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮০. | জনাব মোঃ রাশিদুল ইসলাম | সহঃ সমন্বয় কর্মকর্তা (প্রশাসন) | বিজেএমসি প্রধান কার্যালয় | সহ-ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮১. | জনাব মোঃ মাহবুব উল হাসান | সহঃ সমন্বয় কর্মকর্তা (প্রশাসন) | লতিফ বাওয়ানী জুট মিলস্ | সহ-ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮২. | জনাব মোঃ খায়রুল ইসলাম | সহ-উৎপাদন কর্মকর্তা | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৮৩. | জনাব এজাজুল হক | সহ-উৎপাদন কর্মকর্তা | খালিশপুর জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) |
| ৮৪. | জনাব গোবিন্দ কুমার ভদ্র | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | রাজশাহী জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৮৫. | জনাব লিপা রানী পাল | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | দি ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৮৬. | জনাব ফারহানা জান্নাত | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | লতিফ বাওয়ানী জুট মিলস্ | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৮৭. | জনাব মরিয়ম আহমেদ খান (তিথী) | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | লতিফ বাওয়ানী জুট মিলস্ | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৮৮. | জনাব সৈয়দ মোহাম্মদ ফাত্তাহ্ | সহঃ মান নিয়ন্ত্রন কর্মকর্তা | বিজেএমসি, প্রধান কার্যালয় | সহ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |
| ৮৯. | জনাব শামসুদ্দিন | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | গালফ্লা হাবীব লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯০. | জনাব মোঃ শামীম হোসেন | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | দি ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯১. | জনাব মোঃ মিজানুর রহমান | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | রাজশাহী জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯২. | জনাব মোঃ আনোয়ারম্নল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | ইউএমসি জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৩. | জনাব মোঃ শহিদুল ইসলাম পাহলান | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৪. | জনাব মোঃ এমদাদুল হক | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | জাতীয় জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৫. | জনাব মোঃ ইয়াসিন হাওলাদার | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | আলীম জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৬. | জনাব মোঃ ইউসুপ আলী | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৭. | জনাব মোঃ ইব্রাহিম হোসেন | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | জাতীয় জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৮. | জনাব মোঃ ইসহাক আলী | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | জাতীয় জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৯৯. | জনাব মোঃ হারুন অর রশিদ | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |
| ১০০ | জনাব মোহাম্মদ মিলন মিয়া | উপ-সহঃ প্রকৌশলী (যাঃ) | জাতীয় জুট মিলস্ লিঃ | সহ-প্রকৌশলী (যান্ত্রিক) |

## বিজেএমসির প্রধান কার্যালয়, জোনাল অফিস ও মিল হতে যে সকল কর্মচারী পদোন্নতি প্রাপ্ত হয়েছেন তার তালিকা:

| ক্রঃনং | কর্মচারীর নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>উচ্চমান সহকারী (শ্রম কল্যাণ) | করিম জুট মিলস্ লি: | সহকারী সমন্বয় কর্মকর্তা (শ্রম কল্যাণ) |
| ২ | জনাব আলেয়া বেগম<br>উচ্চমান সহকারী (হিসাব) | বিজেএমসি, প্রধান কার্যালয় | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৩ | জনাব মো: হাতেম আলী<br>উচ্চমান সহকারী (পিএফ) | ইউএমসি জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৪ | জনাব মো: হারুন অর রশীদ<br>উচ্চমান সহকারী (হিসাব) | ইউএমসি জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৫ | জনাব আহম্মদের রহমান চৌধুরী<br>উচ্চমান সহকারী (হিসাব) | গালফ্লা হাবিব লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৬ | জনাব মো: গোলাম মোস্তফা<br>উচ্চমান সহকারী (হিসাব) | ইষ্টার্ণ জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৭ | জনাব সৈয়দ নজরুল ইসলাম<br>উচ্চমান সহকারী (হিসাব) | ইষ্টার্ণ জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৮ | জনাব জাহাঙ্গীর আলী খান<br>উচ্চমান সহকারী (হিসাব) | ক্রিসেন্ট জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ৯ | জনাব মোঃ আবু তাহের<br>উচ্চমান সহকারী (হিসাব) | আমিন জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ১০ | জনাব আবু ছালে মোহাঃ মুরাদ<br>উচ্চমান সহকারী (হিসাব) | আমিন জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ১১ | জনাব মো: কামাল হোসেন<br>উচ্চমান সহকারী (হিসাব) | আলীম জুট মিলস্ লি: | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএস কর্মকর্তা। |
| ১২ | জনাব মোঃ আব্দুল মান্নান<br>উচ্চমান সহকারী (ভান্ডার) | মিলস ফারনিসিংস | সহকারী সমন্বয় কর্মকর্তা (ভান্ডার) |
| ১৩ | জনাব মো: মাকসুদুল বাশার<br>উচ্চমান সহকারী (ভান্ডার) | ক্রিসেন্ট জুট মিলস্ লি: | সহকারী সমন্বয় কর্মকর্তা (ভান্ডার) |
| ১৪ | জনাব মো: আব্দুল মোতালিব<br>উচ্চমান সহকারী (ভান্ডার) | আলীম জুট মিলস্ লি: | সহকারী সমন্বয় কর্মকর্তা (ভান্ডার) |
| ১৫ | জনাব মো: নজরুল ইসলাম সরকার<br>উচ্চমান সহকারী (ভান্ডার ক্রয়) | ইউএমসি জুট মিলস্ লি: | সহকারী সমন্বয় কর্মকর্তা (ভান্ডার ক্রয়) |
| ১৬ | জনাব মোঃ সামসুদ্দিন<br>উচ্চমান সহকারী (পাট) | আমিন জুট মিলস্ লি: | সহকারী পাট ক্রয় কর্মকর্তা |
| ১৭ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>উচ্চমানন সহকারী (পাট) | আমিন জুট মিলস্ লি: | সহকারী পাট ক্রয় কর্মকর্তা |
| ১৮ | জনাব মোঃ বেলায়েত হোসেন<br>মাননিয়ন্ত্রন সহকারী | হাফিজ জুট মিলস্ লি: | সহকারী মান নিয়ন্ত্রণ কর্মকর্তা |
| ১৯ | জনাব আইনুল কবীর<br>মাননিয়ন্ত্রন সহকারী | ইউএমসি জুট মিলস্ লি: | সহকারী মান নিয়ন্ত্রণ কর্মকর্তা |

| ক্রঃনং | কর্মচারীর নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|
| ২০ | জনাব মোঃ নজরুল ইসলাম<br>মান নিয়ন্ত্রন সহকারী | আমিন জুট মিলস্ লিঃ | সহকারী মান নিয়ন্ত্রণ কর্মকর্তা |
| ২১ | জনাব কাঞ্চন দে<br>উচ্চমান সহকারী (হিসাব) | বিজেএমসি, প্রধান কার্যালয় | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২২ | জনাব সুরেশ চন্দ্র দাস<br>উচ্চমান সহকারী (হিসাব) | ইউএমসি জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৩ | জনাব মোঃ মহসিন মিঞা<br>উচ্চমান সহকারী (হিসাব) | ইউএমসি জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৪ | জনাব মোজাম্মেল হক<br>উচ্চমান সহকারী (হিসাব) | ক্রিসেন্ট জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৫ | জনাব সমীর মালাকার<br>উচ্চমান সহকারী (হিসাব) | ক্রিসেন্ট জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৬ | জনাব মোঃ ফিরোজ মিঞা<br>উচ্চমান সহকারী (হিসাব) | করিম জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৭ | জনাব মোঃ জোবায়ের আহমেদ<br>উচ্চমান সহকারী (হিসাব) | করিম জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৮ | জনাব মোঃ জাকির হোসেন মোল্লা<br>উচ্চমান সহকারী (হিসাব) | যশোর জুট ইন্ডাষ্ট্রিজ লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ২৯ | জনাব আবু সাজ্জাদ মোঃ আল-আমিন<br>উচ্চমান সহকারী (হিসাব) | জাতীয় জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩০ | মোঃ জালালউদ্দীন<br>উচ্চমান সহকারী (হিসাব) | এমএম জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩১ | মোঃ ডালিম মাহমুদ<br>উচ্চমান সহকারী (হিসাব) | বাংলাদেশ জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩২ | জনাব মোঃ বাদশা আলম<br>উচ্চমান সহকারী (হিসাব) | রাজশাহী জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩৩ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম<br>উচ্চমান সহকারী (হিসাব) | খালিশপুর জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩৪ | জনাব সুমনা নাজনীন<br>উচ্চমান সহকারী (হিসাব) | লতিফ বাওয়ানী জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩৫ | জনাব মানস কুমার বিশ্বাস<br>উচ্চমান সহকারী (হিসাব) | খালিশপুর জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩৬ | জনাব আজমিল হোসেন খান মামুন<br>উচ্চমান সহকারী (হিসাব) | জাতীয় জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩৭ | জনাব সম্পা দে<br>উচ্চমান সহকারী (হিসাব) | বিজেএমসি প্রধান কার্যালয় | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |
| ৩৮ | জনাব রাবেয়া খাতুন<br>উচ্চমান সহকারী (হিসাব) | করিম জুট মিলস লিঃ | সহঃ হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা/এমআইএসকর্মকর্তা |

| ক্রঃনং | কর্মচারীর নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|
| ৩৯ | জনাব মো: হাকিমুর রহমান<br>উচ্চমান সহকারী (ভান্ডার) | খালিশপুর জুট মিলস লি: | সহ: সমন্বয় কর্মকর্তা (ভান্ডার) |
| ৪০ | জনাব মো: তবিবুর রহমান<br>উচ্চমান সহকারী (ভান্ডারক্রয়) | আলীম জুট মিলস লি: | সহ: সমন্বয় কর্মকর্তা (ভান্ডার ক্রয়) |
| ৪১ | মো: আবদুল মালেক<br>উচ্চমান সহকারী (ভান্ডারক্রয়) | লতিফ বাওয়ানী জুট মিলস লি: | সহ: সমন্বয় কর্মকর্তা (ভান্ডার ক্রয়) |
| ৪২ | মো: জাহাঙ্গীর আলম<br>উচ্চমান সহকারী (ভান্ডারক্রয়) | জাতীয় জুট মিলস লি: | সহ: সমন্বয় কর্মকর্তা (ভান্ডার ক্রয়) |
| ৪৩ | জনাব আয়ুবউদ্দিন আহমেদ<br>উচ্চমান সহকারী (বিপণন) | ইউএমসি জুট মিলস লি: | সহ: বিক্রয় কর্মকর্তা |
| ৪৪ | জনাব মো: জাফর উল্লাহ গাজী<br>উচ্চমান সহকারী (বিপণন) | আমিন জুট মিলস লি: | সহ: বিক্রয় কর্মকর্তা |
| ৪৫ | জনাব শেখ শাহজাহান মিয়া<br>উচ্চমান সহকারী (বিপণন) | জাতীয় জুট মিলস লি: | সহ: বিক্রয় কর্মকর্তা |
| ৪৬ | জনাব কেএমএম জামান<br>উচ্চমান সহকারী (পাট) | আলীম জুট মিলস লি: | সহ: পাটক্রয় কর্মকর্তা |
| ৪৭ | জনাব মোঃ হাবিবুর রহমান<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (বিপণন) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (বিপণন) |
| ৪৮ | জনাব তাহমিনা ইয়াসমিন জেনি<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (পরিকল্পনা) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (পরিকল্পনা) |
| ৪৯ | জনাব মোহাম্মদ আলী<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (প্রশাসন) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমানসহকারী (প্রশাসন) |
| ৫০ | জনাব মোঃ আলা উদ্দিন<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (পরিকল্পনা) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (পরিকল্পনা) |
| ৫১ | জনাব শিল্পী রানী নাথ<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (প্রশাসন) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (প্রশাসন) |
| ৫২ | জনাব নিলুফা ইয়াছমিন<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) |
| ৫৩ | জনাব মোঃ ইমারত আলী<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) |
| ৫৪ | জনাব মিসেস লুৎফুন নাহার<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) |
| ৫৫ | জনাব মোহাম্মদ শাহজাহান<br>অফিস সহ:-কাম-কম্পি: মুদ্রাক্ষরিক (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (হিসাব/অর্থ/নিরীক্ষা/বীমা) |
| ৫৬ | জনাব শিরিন আক্তার<br>নিম্নমান সহকারী (প্রশা:) | বিজেএমসি, প্রধান কার্যালয়। | উচ্চমান সহকারী (প্রশাসন) |